



EIIN : 102596
NU Code: 1501

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পটুয়াখালী সরকারি কলেজ
পটুয়াখালী
স্থাপিত : ১৯৫৭ খ্রি.

☎ : 02478880631

✉ : p.govt.college@gmail.com

🌐 www.patuakhali.govt.college.edu.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেনের ঢালি
জাপনার হাতে



নং ৬৬

তারিখ: ০৫/০২/২০২৬

একাদশ শ্রেণির উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির জন্য উপবৃত্তির নির্ধারিত ফরম কলেজের ডিম্যান্ড শাখা থেকে সংগ্রহ করে নির্ভুলভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৮/০২/২০২৬ খ্রি. থেকে ১৭/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক ভবনের ডিম্যান্ড শাখায় জমা দিতে হবে।

উল্লেখ্য,

- মোবাইল ব্যাংকিং অবশ্যই 'নগদ' একাউন্ট হতে হবে।
- সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।
- একই পিতা/মাতা/অভিভাবকের ০২(দুই) জন সন্তান ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত হলে একটি নগদ একাউন্ট নম্বর সর্বোচ্চ ০২(দুই) জন সন্তানের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের নম্বর ০২(দুই) সন্তানের ক্ষেত্রে একই থাকতে হবে।
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অভিভাবক) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে মোবাইল ব্যাংকিং নগদ একাউন্ট থাকতে হবে।
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। মাতাকে নির্বাচিত করলে অভিভাবক হিসাবে মাতার নাম প্রদান করতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসেবে নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম প্রদান করতে হবে।

ফরমের সাথে যে কাগজ সংযুক্ত করতে হবে:

১. শিক্ষার্থীর এসএসসি'র রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, এসএসসি'র নম্বরপত্রের ফটোকপি এবং অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি।
২. শিক্ষার্থীর পিতা ও মাতা উভয়েরই জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।


অধ্যক্ষ ০৫/০২/২৬
পটুয়াখালী সরকারি কলেজ
পটুয়াখালী
০৫/০২/২০২৬